

তারিখ: ১০/০১/২০২৪ খ্রি.

২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে কলেজ পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত এবং অনলাইনে রেজিস্ট্রেশনকৃত (eSIF) শিক্ষার্থীদের মধ্যে যারা কলেজ/বোর্ড পরিবর্তন করতে ইচ্ছুক তাদেরকে আগামী ১৬/০১/২০২৪ হতে ১৫/০২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদন, নির্ধারিত ফি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি বোর্ডের কলেজ শাখায় সরাসরি জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক অনুমতি দিলে কেবলমাত্র আবেদনের প্রেক্ষিতে বর্তমান কলেজ থেকে ছাড়পত্র ইস্যু ও মূল কাগজপত্র ফেরত দেয়া যাবে। বোর্ডের অনুমতিপত্র, ছাড়পত্র ও এসএসসি পাশের মূল কাগজপত্র ব্যতীত ভর্তিচ্ছু কলেজে ভর্তি করা যাবে না।

অনুসরণীয়:

- ১। শিক্ষার্থীকে নির্ধারিত আবেদন ফরমের সকল তথ্য পূরণ ও অন্যান্য শর্তাবলী অনুসরণ করতে হবে।
- ২। অনলাইনে রেজিস্ট্রেশন (eSIF) এর সত্যায়িত ফটোকপি, SSC পাশের নম্বরপত্রের ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। তবে বিষয় পরিবর্তনের ক্ষেত্রে বোর্ডের আদেশের কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। ২০২৩-২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তির সময় চাহিত ন্যূনতম জিপিএ, পঠিত বিষয়সমূহ মিল ও শূন্য আসন থাকা সাপেক্ষে ভর্তিচ্ছু কলেজ কর্তৃক সুপারিশ করা যাবে।
- ৪। বর্তমান কলেজের অধ্যক্ষ কর্তৃক আবেদন ফরমের ৬নং অনুচ্ছেদ পূরণপূর্বক সুপারিশ করবেন এবং তারপর ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ কর্তৃক ৭নং অনুচ্ছেদ পূরণপূর্বক সুপারিশ করবেন।
- ৫। শিক্ষার্থীকে কলেজ পরিবর্তনের ক্ষেত্রে ১,০০০/- (এক হাজার) টাকা এবং বোর্ড পরিবর্তনের ক্ষেত্রে ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে মুরাদপুরছ বোর্ড ভবনে অবস্থিত সোনালী ব্যাংক বুথে জমা দিয়ে রশিদের সংশ্লিষ্ট অংশটি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে অথবা বোর্ডের ওয়েবসাইটে অনলাইন পেমেণ্টের মাধ্যমে ফি পরিশোধ করে প্রিপের কপি আবেদনের সাথে সংযুক্ত করা যাবে।




(প্রফেসর তুবার কান্তি বড়ুয়া)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা



বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

১০১৪/নিউ, সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

Website : www.bise-ctg.gov.bd

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের একাদশ শ্রেণিতে ছাড়পত্রের মাধ্যমে কলেজ/বোর্ড পরিবর্তনের অনুমতির আবেদন ফরম (বিশেষ নির্দেশনাবলী অতীব গুরুত্বের সাথে যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল, অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়)

বরাবর
কলেজ পরিদর্শক
মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

- ক) শিক্ষার্থীর নামঃ মোবাইল নম্বর
খ) পিতার নামঃ মোবাইল নম্বর
মাতার নামঃ মোবাইল নম্বর
- ক) বর্তমান কলেজের নামঃ EIIN
খ) ডাকঘরঃ থানা/উপজেলাঃ জেলাঃ
গ) একাদশ ভর্তির শিক্ষাবর্ষঃ গ্রুপঃ বর্তমান শ্রেণিঃ শ্রেণি রোল নং
ঘ) বর্তমান কলেজে পঠিত বিষয়সমূহ (বিষয় কোডসহ)ঃ সকল শাখার শিক্ষার্থীদের আবশ্যিক বিষয় : ১. বাংলা (১০১,১০২) ২. ইংরেজি (১০৭,১০৮) ৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫), শাখা ভিত্তিক আবশ্যিক বিষয় ও বিষয় কোড- ১) (২)
(৩) ৪র্থ বিষয় (ঐচ্ছিক)
- ক) ছাড়পত্রের মাধ্যমে ভর্তি হতে ইচ্ছুক কলেজের নাম EIIN
খ) ঠিকানা : গ) শিক্ষা বোর্ডের নামঃ
- এসএসসি'র রোল নম্বরঃ রেজিস্ট্রেশন নম্বরঃ সেশন
পাসের সন প্রাপ্ত জিপিএ শিক্ষা বোর্ডের নাম
- কলেজ পরিবর্তনের কারণ (অভিভাবকের বদলী / বাসস্থান পরিবর্তন/ যাতায়াতের সমস্যা / অন্যান্য) :
.....

একাদশ শ্রেণিতে ছাড়পত্রের মাধ্যমে কলেজ / বোর্ড পরিবর্তনের অনুমতি দানের আবেদন জানাচ্ছি।

(পিতা/অভিভাবকের স্বাক্ষর)

(শিক্ষার্থীর স্বাক্ষর)

৬। বর্তমান কলেজের অধ্যক্ষের প্রত্যয়ন ও সুপারিশঃ প্রত্যয়ন করা যাচ্ছে যে, আবেদনকারী এ কলেজে শিক্ষাবর্ষে ভর্তি হয়ে বর্তমানে একাদশ শ্রেণিতে শাখায় (গ্রুপ) নিয়মিত শিক্ষার্থী হিসাবে অধ্যয়নরত। ৩ নং ক্রমিকে বর্ণিত বিষয়সমূহ বোর্ডে eSIF পূরণ করা হয়েছে। eSIF ক্রমিক নং-। উক্ত শিক্ষার্থীর এসএসসি এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এ কলেজে জমা আছে। উল্লিখিত তথ্য ও eSIF অনুযায়ী বিষয়সমূহ সত্য ও সঠিক। আবেদন অনুযায়ী কলেজ/বোর্ড পরিবর্তনের অনুমতি প্রদানের জন্য সুপারিশ করা হল।

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল এবং মোবাইল নম্বর:

৭। ভর্তি হতে ইচ্ছুক কলেজের অধ্যক্ষের প্রত্যয়ন ও সুপারিশঃ এ কলেজে শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শাখায় (গ্রুপ) বোর্ড কর্তৃক বরাদ্দকৃত আসনের বিপরীতে জন শিক্ষার্থী অধ্যয়নরত আছে। একাদশ ভর্তির সময় চাহিত ন্যূনতম জিপিএ। একাদশ শ্রেণিতেটি আসন শূন্য আছে। eSIF অনুযায়ী ৩নং ক্রমিকে বর্ণিত বিষয়সমূহ এ কলেজে অনুমোদন আছে বিধায় আবেদন অনুযায়ী বোর্ড ছাড়পত্রের মাধ্যমে শিক্ষার্থীকে ভর্তির অনুমতি প্রদান করলে এ কলেজে ভর্তি করা হবে।

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল এবং মোবাইল নম্বর:

বিঃ দ্র:- ভর্তি হতে ইচ্ছুক কলেজের অধ্যক্ষকে ছাড়পত্রের আবেদনে প্রত্যয়ন স্বাক্ষর করার পূর্বে তাঁর কলেজে আসন শূন্য আছে কিনা, শিক্ষার্থীর eSIF অনুযায়ী বিষয়সমূহ সঠিক আছে কিনা এবং একাদশ ভর্তির সময় নির্ধারিত ন্যূনতম জিপিএ আছে কিনা তা যাচাই করে দেখতে হবে। ছাড়পত্র প্রদানের সময় চলতি মাসের বেতন ব্যতিত অগ্রিম কোন অর্থ আদায় করা যাবে না।

বিশেষ নির্দেশনাবলীঃ

- বোর্ড কর্তৃক ঘোষিত সমস্তের মধ্যে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। তবে বোর্ড পরিবর্তনের মাধ্যমে কলেজ পরিবর্তনের ক্ষেত্রে সময় শিথিলযোগ্য।
- আবেদনপত্রের সাথে শিক্ষার্থীর এসএসসি বা সমমান পরীক্ষার নথরপত্রের কটোকপি, উচ্চ মাধ্যমিক পর্যায়ে xiclassadmission.gov.bd- অনলাইন রেজিস্ট্রেশনের eSIF / রেজিঃ কার্ডের সত্যায়িত কটোকপি (প্রয়োজ্য ক্ষেত্রে) অবশ্যই জমা দিতে হবে।
- আবেদনের আবেদন অনুমোদিত কলেজ থেকে অন্য কলেজে পরিবর্তনের ক্ষেত্রে ফি-১০০০/- (এক হাজার) টাকা / আন্তঃবোর্ড পরিবর্তনের ক্ষেত্রে ফি-১২০০/- (এক হাজার দুইশত) টাকা সঠিক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে মুরাদপুরস্থ বোর্ড ভবনে অবস্থিত সোনালী ব্যাংক বুথে জমা দিয়ে ব্যাংক রশিদের কলেজ শাখার সফটওয়্যার অংশটি অনলাইন আবেদনপত্রের সাথে সরবরাহ করতে হবে (ডিডি / পে-অর্ডারও বোর্ড ভবনে অবস্থিত সোনালী ব্যাংক বুথে জমা দিতে পারবে) অথবা বোর্ডের ওয়েব সাইটে অনলাইন পেমেন্টের মাধ্যমেও ফি পরিশোধ করা যাবে এবং পেমেন্ট স্ক্রিপ্ট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- Online বা ম্যানুয়াল eSIF-কৃত কলেজের সাথে পরিবর্তিত কলেজের পঠিত বিষয়সমূহ অবশ্যই মিল থাকতে হবে।
- কোন শিক্ষার্থী উচ্চ মাধ্যমিক পর্যায়ে eSIF -এ রেজিস্ট্রেশনকৃত বিষয় পরিবর্তন করলে এর স্বপক্ষে প্রামাণ্যপত্র (বোর্ডের আদেশের কপি) আবেদনের সাথে দাখিল করতে হবে (প্রয়োজ্য ক্ষেত্রে)। নিয়মিত ভর্তিকৃত শিক্ষার্থী ছাড়া অনিয়মিত শিক্ষার্থী কলেজ / বোর্ড পরিবর্তনের সুযোগ নেই।
- ছাড়পত্র/অনুমতি প্রদানের ক্ষেত্রে বোর্ড কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।